গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
নকলা,শেরপুর

বিষয় ঃ মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা নির্বাহী অফিসার, নকলা ,শেরপুর।
তারিখ ঃ ২৭/১১/২০২৫ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ,নকলা,শেরপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক"।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভার আলোচ্যসূচি পাঠ করে শুনান এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সভায় সদস্য সচিব সভাকে অবহিত করেন যে,মহিলা বিষয়ক অধিদপ্তর মহিলা ও শিশু উন্নয়নে কাজ করে যাচ্ছে।তিনি জানান ভিডাব্লিউবি কর্মসূচির মাধ্যমে নকলা উপজেলায় ২১৬৯ জন উপকারভোগীর মাঝে দুই বছর মেয়াদী ভিডাব্লিউবি কার্ড বিতরণ করা হয়েছে।এবং প্রতি মাসে উপকারভোগীদের ৩০ কেজি করে চাল বিতরণ সম্পন্ন হয়েছে।<br><br>তিনি জানান,২০২৫-২৬ অর্থবছরে মা ও শিশু সহায়তা কর্মসূচির বরাদ্দ পাওয়া গিয়েছে।সকল ইউনিয়ন থেকে অনলাইন আবেদনের হার্ডকপি এবং রেজুলেশন যথাসময়ে পাওয়া যায় না।<br>মহিলা সেলাই প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রতি তিন মাস অন্তর অন্তর ৩০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ নিচ্ছেন। অক্টোবর -নভেম্বর মাসের ব্যাচ চলমান রয়েছে।<br>এছাড়া পৌরসভা ও ইউনিয়নে ১০টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। প্রতি শুক্র ও শনিবার ক্লাবগুলোতে জেন্ডার,সংগীত এবং আবৃত্তি বিষয়ক প্রশিক্ষণ দেয়া হয়।এবং ক্লাব সদস্যদের মাঝে নাস্তা বিতরণ করা হয়।<br>তিনি আরও জানান,বাল্য বিবাহ,নারী ও শিশু নির্যাতন,যৌতুক প্রতিরোধে জন সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়ে থাকে।<br><br>সভাপতি বলেন,সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায়ভুক্ত কার্যক্রমগুলো নীতিমালা এবং পরিপত্র অনুযায়ী সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।সকল কর্মসূচি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ১। নির্দিষ্ট সময়সীমার মধ্যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা।<br><br>২। যাচাই-বাছাই অন্তে উপকারভোগী নির্বাচন করা | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,নকলা,শেরপুর<br><br>২। ইউপি চেয়ারম্যান (সকল)। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৭/১১/২০২৫
(মোঃ জাহাঙ্গীর আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি
নকলা,শেরপুর।

CamScanner

তারিখ ঃ ২৭/১১/২০২৫খ্রি.

স্মারক নং-৩২.০১.৮৯৬৭.০০০.০৬.০০১.২৫-৩৮৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপপরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,শেরপুর।

২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল),নকলা,শেরপুর।

৩। অফিস কপি।

২৭/১১/২৫

(নাসরিন জাহান)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি

নকলা,শেরপুর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
নকলা ,শেরপুর

## মহিলা ও শিশু উন্নয়ন কমিটি সভার হাজিরা (হাজিরা খাতায় সংরক্ষিত)

তারিখ ঃ২৭/১১/২০২৫খ্রি

সময় ঃ সকাল ১১ ঘটিকা

| ক্র.নং | নাম ও পদবী | সাক্ষর |
|---|---|---|
| ০১ | মোঃ শামছুর রহমান ,চেয়ারম্যান ১নং গনপদ্দী ইউনিয়ন | সাক্ষরিত |
| ০২ | মোঃআবু বকর সিদ্দিক ফারুক ২নং নকলা ইউনিয়ন | সাক্ষরিত |
| ০৩ | মোহাম্মদ নূরে আলম ৩ নং উরফা ইউনিয়ন | সাক্ষরিত |
| ০৪ | নাসরিন জাহান উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ,নকলা ,শেরপুর | সাক্ষরিত |

CS CamScanner